কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথম হারনিয়ার অপারেশন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রথম হারনিয়ার অপারেশন করা হয়েছে।

গতকাল দুপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অপারেশন থিয়েটারে হারনিয়ার অপারেশন করেন ডাক্তার এম এ কাফী। রোগীর নাম যুথিকা দাস সে কালীগঞ্জ শহরের নিশ্চিন্তপুর গ্রামের অধির দাসের মেয়ে।

কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মকর্তা শামীমা শিরিন লুবনা জানান এর আগে কখনো এই হাসপাতালে হারনিয়ার অপারেশন হয়নি। এই প্রথম এখানে হারনিয়ার অপারেশন করা হলেও রুগী এখন অনেক সুস্থ।

রোগির স্বজন অবসরপ্রাপ্ত যুগ্মসচিব প্রভাদ কুমার দাস জানান উপজেলা পর্যায়ে সরকারি হাসপাতালে এরকম অপারেশন হওয়া দেশের চিকিৎসা ব্যবস্থার জন্য সুখবর। অপারেশন এর সময় আমি ছিলাম । অপারেশন করতে প্রায় দুই ঘন্টা সময় লেগেছে।

চিকিৎসক এম এ কাফী জানান, অপারেশনটি বেশ জটিল তবে এই হাসপাতালে প্রথম এই অপারেশন করা হলো। আশা করি পরে আরো এই ধরনের অপারেশন করা হবে।

কুষ্টিয়ায় মহানবীকে কটুক্তি করায় স্কুলের পরিচালক আটক

কুষ্টিয়ার মিরপুরে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কটুক্তি করার অভিযোগে আমিরুল ইসলাম (৫৫) নামের এক অনলাইন স্কুলের পরিচালককে পুলিশ আটক করেছে।

শুক্রবার (২০ নভেম্বর) দুপুরে মিরপুর থানা পুলিশ অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটককৃত আমিরুল ইসলাম উপজেলার ফুলবাড়ীয়া ইউনিয়নের নওদাপাড়া গ্রামের মৃত আব্দুর রহমানের ছেলে। সে নিমতলা দারুস সালাম অনলাইন মডেল স্কুলের পরিচালক।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ইসলাম ধর্ম ও মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কটুক্তি করায় তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও তিনি জানান।

কালীগঞ্জে ধান তুলতে ব্যস্ত কৃষকরা

ঝিনাইদহের কালীগঞ্জে কৃষকরা সোনালী ধান ঘরে তুলতে ব্যস্ত, অন্যদিকে চলছে ঘরে ঘরে নবান্ন উৎসব। নবান্নের আনন্দে আমন ধান কাটার ধুম লেগেছে কালীগঞ্জ উপ-জেলার প্রতিটা গ্রামে গ্রামে। আগাম জাতের আমন ধানকাটা মাড়াই চলছে পুরোদমে। মাঠের সোনালি ধান এখন ঘরে তুলতে ব্যস্ত এ অঞ্চলের কৃষকরা।

কালীগঞ্জ উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ জানায়, চলতি বছর আমন চাষে প্রতিকূল আবহাওয়া মোকাবিলা করতে হয়েছে উপজেলার কৃষকদের। কিন্তু বর্তমানে আবহাওয়া অনুকূলে থাকায় নির্বিঘ্নে ধান কাটা মাড়াই ও শুকানোর কাজ করতে পারছেন কৃষান-কৃষানিরা।

মাঠ জুড়ে সোনালি ধানের মৌ মৌ গন্ধে মনের আনন্দে কাজ করছেন তারা। কথা বলার মতো ফুরসত নেই তাদের। কালীগঞ্জ উপজেলা ভাটাডাঙ্গা, গুমরাইল, মালিয়াট, হাজিপুর মুন্দিয়া, রঘুনাথপুর, তত্তিপুর, আড়মুখী গ্রামে বাম্পার ফলন হয়েছে ।

ধান কেটে অনেক কৃষকই আঁটি বেঁধে কাঁধে করে, আবার অনেকেই বিভিন্ন

যানবাহনে বাড়িতে নিয়ে যাচ্ছেন। বাসা-বাড়ির উঠানে চলছে আগাম জাতের ধান মাড়াইয়ের কাজ। এসব ধান নিয়ে কৃষকের যেমন ব্যস্ততা তেমনি আনন্দও প্রচুর। অনেকের বাড়িতে চলছে শীতের সকালে ভাঁপা পুলি, তেল পিঠা, নতুন চালের পায়েস ও নাড়ু মুড়ির মুখরোচক খাবার।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা যায়, জেলার ছয় উপজেলায় ধানের বাম্পার ফলন হয়েছে। এই মৌসুমে জেলায় বেশির ভাগ জমিতে রোপা আমণের চাষ করা হয়েছে। মোট আবাদের মধ্যে রয়েছে সুগন্ধি ব্রি-ধান।

অপরদিকে, কয়েক দফার বন্যা এবং অতি বৃষ্টির কারণে নিম্মাঞ্চলের অনেক জমির ধান ক্ষতিগ্রস্ত হয়েছে।

কালীগঞ্জ উপজেলার ফরাশপুর গ্রামের কৃষকরা জানান, প্রতিকূল আবহাওয়ার মধ্যেও ধানের বাম্পার ফলন ভালো হয়েছে এবার। অগ্রহায়ণ মাসে পুরো ধান কাটা শুর হলেও আগাম জাতের বিভিন্ন ধান কার্তিকের মাঝামাঝি থেকে কাটা শুর করেছি।

কালীগঞ্জ কৃষি কর্মকর্তা শিকদার মোহাইমেন আক্তার বলেন, ঠিকমতো সার কিটনাশক পাওয়ায় ও আবহাওয়া অনুকূলে থাকায় এ বছর ধানের বাম্পার ফলন হয়েছে।

ম্যানেজার ও ক্যাশ অফিসারসহ ৩ জনের দেশত্যাগে নিষেধাজ্ঞা

ঝিনাইদহের কালীগঞ্জ অগ্রণী ব্যাংক শাখার সাময়িক বরখাস্তকৃত ম্যানেজার শৈলেন বিশ্বাস ও ক্যাশ অফিসার আব্দুস সালামসহ তিনজনের দেশত্যাগে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। দেশের সব স্থল ও বিমানবন্দর ইমিগ্রেশন কর্তৃপক্ষ বরাবর এ সংক্রান্ত একটি চিঠি দেয়া হয়েছে।

ব্যাংকটির সাবেক শাখা ব্যবস্থাপক শৈলেন কুমার বিশ্বাস, অফিসার ক্যাশ আবদুস সালাম ও অস্থায়ী মাঠ সহকারী আজির আলী জাল কাগজপত্র

তৈরি করে মৃত ব্যক্তি, শ্রমিক, ব্যবসায়ী ও প্রবাসীসহ শত শত মানুষের নামে কৃষি ঋণ তুলে লাখ লাখ টাকা আত্মসাৎ করেন।

ব্যাংকের টাকা আত্মসাতের ঘটনা সত্য প্রমাণিত হওয়ায় উল্লেখ তিন কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করা হয়। এ নিয়ে পত্রিকায় তথ্য ভিত্তিক সংবাদ প্রকাশিত হলে তারা ঝিনাইদহের সিনিয়র সাংবাদিক আসিফ কাজল ও যুগান্তরের কালীগঞ্জ প্রতিনিধি সোহাগের নামে আদালতে মিথ্যা অভিযোগ দায়ের করেন।

তথ্য নিয়ে জানা গেছে, কৃষি ঋণের টাকা আত্মসাতের ঘটনায় ব্যাংকটির প্রধান কার্যালয় কঠোর অবস্থান নিয়েছে।

বৃহস্পতিবার অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মোহাম্মদ শামস-উল ইসলাম বলেন, ঘটনার সঙ্গে জড়িতদের কাউকে ছাড় দেয়া হবে না।

সূত্র জানায়, জাল কাগজপত্র তৈরি করে মৃত ব্যক্তি, শ্রমিক, ব্যবসায়ী ও প্রবাসীসহ শত শত মানুষের নামে শৈলেন বিশ্বাস, আবদুস সালাম ও আজির আলী কৃষি ঋণের লাখ লাখ টাকা আত্মসাৎ করেছেন। প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা মিলেছে।

কালীগঞ্জ উপজেলার নিশ্চিন্তপুর গ্রামের জগন্নাথ বিশ্বাসের ছেলে শৈলেন ২০১৭ সালের ১৭ জুলাই শাখা ম্যানেজার পদে যোগ দেন। তার বিরুদ্ধে আগেও নানা অনিয়ম-অভিযোগের তদন্ত হয়েছে।

মুক্তিযোদ্ধা সন্তান কোটায় ২০১৭ সালের ৫ অক্টোবর কালীগঞ্জ শাখায় অফিসার ক্যাশ পদে যোগ দেন হরিণাকুণ্ড উপজেলার ভেড়াখালী গ্রামের আবদুস সালাম।
তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় তার বিরুদ্ধে রাজশাহীতে খুন, চাঁদাবাজী, অপহরণ ও অস্ত্র আইনে একাধিক মামলা থাকার পরও কি ভাবে তিনি ব্যাংকের মতো স্পর্শকাতর জায়গায় চাকরি পেলেন তা নিয়ে নানা প্রশ্ন উঠেছে।

রাজশাহীতে তিনি বাইট্টা সালাম নামে পরিচিত। চাকরি পাওয়ার পর তাকে ঋণ শাখার দায়িত্ব দেয়া হয়। শৈলেন ও সালামকে সঙ্গে করে প্রতারক আজির আলী নতুন পরিকল্পনা নিয়ে মাঠে নামে।

স্থানীয় চক্রের সহযোগিতায় তারা জালিয়াত সিন্ডিকেট গড়ে তোলে। কৃষকসহ কাল্পনিক গ্রহীতাদের নামে কাগজপত্র তৈরি করে এবং ভুয়া

স্বাক্ষর করে তারা কৃষিঋণ নেন।

জানা গেছে, কৃষকদের ৪ শতাংশ থেকে সর্বোচ্চ ৯ শতাংশ সুদে এক লাখ টাকার নিচে সহজ শর্তে ঋণ দিয়ে আসছিল ব্যাংকটি। অনুমান এক হাজার ১০০ জনের নামে পৌনে চার কোটি টাকা ঋণ বিতরণ করা হয়। ব্যাংকটির আঞ্চলিক অফিস থেকে প্রতি বছর তদারকি করা হয়েছে। একাধিক এজিএম ও ডিজিএমও শাখা পরিদর্শন করেছেন।

কিন্তু কারও চোখে জালিয়াতির বিষয়টি এতদিন ধরা পড়েনি। শৈলেন বিশ্বাসকে চুয়াডাঙ্গায় বদলি করা হলে শাখায় নতুন ব্যবস্থাপক হিসেবে যোগ দেন এসপিও নাজমুস সাদাত। তিনি যোগদানের পর ধীরে ধীরে বেরিয়ে আসে টাকা আত্মসাতের মহাজালিয়াতির খবর। ২০২০ সালের ২২ জুন যোগ দিয়ে নাজমুস সাদাত খাতা-কলমে ঋণ বিতরণের সঙ্গে বাস্তবের কোনো মিল খুঁজে পাননি।

একই বছর ৩০ সেপ্টেম্বর জোনাল অফিসের উপ-মহাব্যবস্থাপক শেখ দীন মহম্মদ শাখাটি পরিদর্শন করেন। কয়েকজন ঋণগ্রহীতার কাছে তিনি ফোন করলে অনিয়ম-দুর্নীতির প্রকৃত ঘটনা জানতে পারেন। একই দিন আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র প্রিন্সিপাল অফিসার আনোয়ার হোসেনকে প্রধান করে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়।

তদন্তে লাখ লাখ টাকার হিসাবের গরমিল বেরিয়ে আসে। ঝিনাইদহ জোনাল অফিসের উপ-মহাব্যবস্থাপক শেখ দীন মহম্মদ বলেন, এলাকার ১১শ’ কৃষকের মাঝে পৌনে ৪ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। কত কোটি টাকা আত্মসাৎ করা হয়েছে তা অডিট শেষে জানা সম্ভব হবে।

তিনি বলেন, জড়িতরা গোপনে ২৭ লাখ টাকা ব্যাংকে ফেরতও দিয়েছেন।

এদিকে, গত বুধবার ঝিনাইদহের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. সেলিম রেজার সভাপতিত্বে এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির সভায় বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। সভায় শেখ দীন মহম্মদ ঘটনাটি জানান।

একই সভায় বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক পার্থ প্রতিম জানান, বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে গুরুত্ব সহকারে ঘটনাটি তদন্ত করা হচ্ছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সুপার শরিফুল ইসলাম, ভেটেরিনারী চিকিৎসক ডা: শাহাদত হোসেন, ডাঃ পরিতোষ চন্দ্র মিত্র, ঝিনাইদহ খেলোয়াড় কল্যাণ সমিতির সভাপতি রাইসুল ইসলাম আসাদ, প্রথম আলো বন্ধুর সভার আহ্বায়ক সাকিব মোহাম্মদ আল হাসান, তারুণ্যের বন্ধন সংগঠনের আহ্বায়ক আল আমিন খান সোহেল, সদস্য ফিরোজ আলী, হাসানুজ্জামান, জিল্লুর রহমান, শিমুল হোসেন, জুনিয়র রহমান, ইজাজুল হোসেন।

এ সময় বক্তারা বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে প্রাণিসম্পদের উন্নয়নের কোন বিকল্প নেই। দেশের বেকারত্বকে দুর করতে গবাদিপশু লালন-পালন গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। আর দেশের সিংহভাগ প্রাণিজ আমিষ আসছে তৃনমূল পর্যায়ের গবাদি পশু থেকে। তাই এই বিষয়ে আমরা যদি আরো যত্নবান হই তাহলে আগামীতে আরো লাভবান হবো।

ভেটেরিনারী কলেজ ও জেলা প্রাণী সম্পদ দপ্তরের সহযোগিতায় দিনব্যাপী ওই এলাকার ১০ টি গ্রামের দরিদ্র কৃষকদের গরু ছাগলের চিকিৎসা প্রদাণ করা হয়। এছাড়াও বিনামূল্যে খোরা, পিপিআর রোগের ভ্যাকসিন ও ঔষধ প্রদাণ করা হয়। দিনব্যাপী এ ক্যাম্পে ৫ শতাধিক পশুর চিকিৎসা প্রদাণ করেন প্রাণী সম্পদ অধিদপ্তরের চিকিৎসক বৃন্দ।

কোটচাঁদপুরে প্রতিবেশীর চড়-থাপ্পড়ে কৃষকের মুত্যুর ঘটনায় মামলা

ঝিনাইদহের কোটচাঁদপুরে ধান ঝাড়াকে কেন্দ্র করে প্রতিবেশীর চড়-থাপ্পড়ে বদর উদ্দিন বুদো (৬৩) নামে এক কৃষকের মৃত্যুর ঘটনায় ৩০৪ ধারায় হত্যা মামলা দায়ের হয়েছে।

শুক্রবার সকালে নিহতের ছেলে মনিরুল ইসলাম বাদী হয়ে ৫ জন আসামির নাম উল্লেখ পূর্বক কোটচাঁদপুর থানায় এ হত্যা মামলা দায়ের করেন। এদিকে পুলিশ লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠিয়েছে ।

বৃহস্পতিবার বিকেলে উপজেলার বলুহর গ্রামের প্রজেক্ট পাড়ায় প্রতিবেশী মৃত শওকত মন্ডলের ছেলে জিয়া মন্ডল ও তার পরিবারের সঙ্গে ধান ঝাড়াকে কেন্দ্র করে বুদোর বাক-বিতণ্ডা হয়। এক পর্যায়ে জিয়া ও তার পরিবারের লোকজন বুদোকে এলোপাতাড়ী লাথি, কিল-ঘুষি ও চড়-থাপ্পড় মারে। এতে বুদো অসুস্থ হয়ে গেলে তাকে প্রথমে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে উন্নত চিকিৎসার জন্য সন্ধ্যায় যশোর জেনারেল হাসপাতালে নেওয়া হলে পথমধ্যে তার মৃত্যু হয়। নিহত বদর উদ্দিন বুদো ওই গ্রামের মৃত ছোবাহান মন্ডলের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, প্রাথমিকভাবে মৃতের শরীরে আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে ।

এ ঘটনায় নিহতের ছেলে বাদী হয়ে গতকাল শুক্রবার ৩০৪ ধারায় হত্যা মামলা দায়ের করেছেন। ওসি জানান, আসামিদের গ্রেফতারে অভিযান চলছে।

মেহেরপুর-কাথুলী সড়কে ছিনতাইকারীদের হানা, লুটপাট

মেহেরপুর-কাথুলী সড়কের কুলবাড়িয়া ইটভাটার নিকট ছিনতাইকারীদের হামলায় আজমাইন নামের একজেনর উপর হামলা চালিয়ে আহত করেছে। বৃহস্পতিবার দিবাগত রাত ১২ টার দিকে এ ঘটনা ঘটে।
আহত আজমাইন গাড়াবাড়ীয়া হলদে পাড়ার বজলুর ছেলে।
ছিনতাইকারীর কবলে পড়া রকিবুল ইসলাম জানান, আমরা রাজশাহীতে রোগী নিয়ে চিকিৎসা করার জন্য গেছিলাম। আমাদের আসতে আসতে অনেক রাত হওয়ার কারনে গ্রাম থেকে অটো নিয়ে আমাদের নিতে আসে। আনুমানিক রাত ১২ টার দিকে বাড়ি আসার পথে কুলবাড়ীয়া ভাটার কাছে রাস্তায় বাশ ফেলে আমাদের পথ আটকিয়ে আমাদের ঘেরাও করে। আমরা অটোতে রোগী সহ ৪ জন ছিলাম।
রুহুল আমিন নামের অপর এক জন জানান, ছিনতাইকারীরা সংখ্যায় ৫জন ছিল। তাদের হাতে বড় রামদা ছিল। মুখ মাফলার দিয়ে বাধা থাকায় চিনতে

পারিনি। এসময় প্রাণভয়ে একটা নোকিয়া বাটন ফোন ও কাছে থাকা ১৪০০ টাকা দিতে দিতে বাধ্য হয়েছি।
এরপর গাড়াবাড়ীয়া থেকে মেহেরপুরের দিকে আসা আলগামন ছিনতাইকারীদের কবলে পড়ে। এসময় ছিনতাইকারীদের হামলায় আজমাইনের মাথা ফেটে যায়। এসময় তার সাথে সঙ্গীরা উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। এতে তার মাথায় ৯টি সেলাই হয়।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, এ ঘটনার পর থেকে সন্দেহভাজন ৪/৫ জনকে আটকের চেষ্টা চলছে। একই সঙ্গে ওই সড়কে টহল জোরদার করা হচ্ছে।

যতারপুর মাদরাসায় নব্য হাফেজদের পাগড়ি প্রদান

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর ইসলামিয়া দারুল উলুম মাদরাসার উদ্যোগে ৩১ তম বার্ষিক ওয়াজ মাহফিল অনুষ্ঠিত হয়েছে । মাহফিলে ১৫ জন নব্য হাফেজগণকে পাগড়ি প্রদান করা হয় ।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় যতারপুর ইসলামিয়া দারুল উলুম মাদরাসা প্রাঙ্গণে এই মাহফিলের আয়োজন করা হয়। মাদরাসার সভাপতি আলহাজ¦ মোঃ গোলাম সাত্তার’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোপালগঞ্জ সুলতান শাহী সুলতানুল উলুম মাদরাসার মুহতামিম হযরত মাওলানা নাসির আহমাদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর সতিঘাটা মাদরাসার মুহাদ্দিস হযরত মাওলানা মুফতি মনিরুজ্জামান, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আলহাজ¦ মোঃ আমাম হোসেন মিলু ।

অত্র মাদরাসার মুহতামিম মোঃ খাদেমুল ইসলাম এর সঞ্চালনায় উপস্থিত নব্য হাফেজগণ মোঃ মুজাহিদ, মোঃ আবু জাফর, মোঃ আল রাহাত, মোঃ তানজিল মাহমুদ, মোঃ আল আয়মান সোহান মোঃ সুলাইমান, মোঃ নুর আলম, মোঃ ইমরান, মোঃ সজীব, মোঃ জাহিদ, মোঃ রাশিদুল, মোঃ সিহাব, মোঃ আমীর হামজা, মোঃ আব্দুল মাবুদ ও মোঃ নাসিরুল্লাহকে পাগড়ি দিয়ে সম্মানিত করেন প্রধান অতিথি হযরত মাওলানা নাসির

আহমাদ।

এছাড়াও সকল নব্য হাফেজগণের অভিভাবকদের এবং তাদের লজিং এ নেওয়া পরিবারের সদস্যসহ মাদরাসার সকল কৃতি শিক্ষার্থীদের পুরষ্কার প্রদান করেন অতিথিবৃন্দরা।

পুরষ্কার প্রদান শেষে প্রধান অতিথি বক্তব্য প্রদান করে মাহফিলের সমাপ্তি ঘোষণা করেন

বাংলাদেশে এখন বিশ্বস্ত সেনাপতির প্রয়োজন-ব্যারিস্টার সুমন

যারা কর্মের গুনে প্রতিষ্ঠিত হয় তারা রাজা না হলেও বিশস্ত সেনাপতি হয়। বাংলাদেশে এখন বিশস্ত সেনাপতি দরকার। সরকারের সহযোগীতাই আমরা মাঠে ঘাটে সব জায়গায় উন্নয়ন তরতে চাই। আমরা কর্মের গুনে প্রতিষ্ঠিত হতে চাই।

শুক্রবার বিকালে মেহেরপুরের আমঝুপিতে পাবলিক লাইব্রেরি একাদশের সাথে ব্যারিস্টার সুমন ফুটবল একাডেমির এক প্রীতি ম্যাচ খেলার আগে এসব কথা বলেন ঢাকা সুপ্রিম কোর্টের আইনজীবি ও বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের আইন বিষয়ক সম্পাদক ব্যারিস্টার সৈয়দ সাইদুল হক সুমন।

এছাড়াও তিনি বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশের তৃনমূল পর্যায়ে ফুটবলের বেহাল দশা ফুটবল ফেডারেশনের জন্য। ফুটবল ফেডারেশন হলো ফুটবলের গার্ডিয়ান। ফুটবল ফেডারেশনের সময় আসছে এটা অনুধাবন করা।

ফুটবল ফেডারেশনের উচিত তৃনমূল থেকে শুরু করে জাতীয় পর্যায়ে ফুটবলকে এগিয়ে নিতে শক্তিশালী ভুমিকা পালন করা। ফুটবলের যে গনজাগরণ শুরু হয়েছে এটাকে আমরা ধারাবাহিকভাবে টেনে নিয়ে যেতে চাই।